গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০১.২৫- ৪০১৭/০৮ তারিখ: ২০ /০৮/২০২৫ খ্রি.

বিষয়: জুলাই গণ-অভ্যুত্থানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের তথ্যাদি প্রেরণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮; তারিখ: ০৭ আগস্ট ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকের পত্রটি এদতসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা (অনুচ্ছেদ-২ এর ক হতে ঘ) অনুসরণপূর্বক প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রতিষ্ঠানের জুলাই বিপ্লব ২০২৪ এ শহীদ ও আহত জুলাই যোদ্ধা সম্পর্কিত প্রবন্ধসহ অন্যান্য তথ্যাদি সংগ্রহপূর্বক হার্ডকপি আগামী ২০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের [বদরুল হাসান লিটন, যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা] ঠিকানায় এবং সফটকপি নিকস বাংলা ১৪ ফন্টে ই-মেইলে (apa@moedu.gov.bd)-এ প্রেরণের পাশাপাশি ad-admin@dshe.gov.bd ই-মেইলে Cc প্রেরণ করার জন্য সকল আঞ্চলিক পরিচালক ও আঞ্চলিক উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২০/০৮/২৫
(মোঃ খালিদ হোসেন)
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন : ০২-২২৩৩৫০০৬৮
ad-admin@dshe.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (সূত্রোক্ত মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক তাঁর অঞ্চলের আওতাধীন সকল সরকারি/বেসরকারি কলেজ হতে তথ্যাদি সংগ্রহপূর্বক পত্রে বর্ণিত ঠিকানায় প্রেরণের অনুরোধসহ);
০২. উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (সূত্রোক্ত মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক তাঁর অঞ্চলের আওতাধীন সকল সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় হতে তথ্যাদি সংগ্রহপূর্বক পত্রে বর্ণিত ঠিকানায় প্রেরণের অনুরোধসহ);

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৪. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
০৫. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৬. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৮. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩২ / ০৭ আগস্ট ২০২৫

বিষয়: **জুলাই গণ-অভ্যুত্থানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের তথ্যাদি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই গণ-অভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও যুগান্তকারী ঘটনা। ২০২৪ সালের জুলাই আন্দোলন শিক্ষার্থীদের তাজা রক্তে রাঙানো। তাঁদের আত্মত্যাগ এবং শহীদ পরিবারের আশ্রুজলের কান্নার বিনিময়ে আমরা নতুন বাংলাদেশ বিনির্মাণের সুযোগ পেয়েছি। যারা এই বিপ্লবে শহীদ হয়েছেন, তাঁরা আমাদের মাঝে নেই, কিন্তু তাঁদের সাহস আর আত্মত্যাগ চিরদিন আমাদের হৃদয়ে বেঁচে থাকবে। তাঁরা কেবল শিক্ষার্থী ছিলেন না, তাঁরা ছিলেন পরিবর্তনের মশাল, গণতন্ত্রের সৈনিক। জুলাই গণ-অভ্যুত্থানের ফলাফল ছিল সুদূরপ্রসারী এবং বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এ এক নতুন যুগের সূচনা।

০২। বর্তমানে অন্তর্বর্তী সরকার জুলাই গণ-অভ্যুত্থান ধারণ করে আহত ও শহীদ শিক্ষার্থীদের অবদানকে স্বীকৃতি দিতে বদ্ধপরিকর। এ ধারাবাহিকতায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে আহত ও শহীদ শিক্ষার্থীর অবদান স্মরণে রাখতে এ মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করেছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত শিক্ষার্থীদের বীরগাঁথা তথ্য নিম্নোক্তভাবে সংগ্রহ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে:

ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান তার প্রতিষ্ঠানের জুলাই বিপ্লব ২০২৪ এ শহীদ ও আহত হয়েছেন (গেজেট অনুযায়ী) তাদের ছবিসহ দুই পাতার মধ্যে একটি প্রবন্ধ জমা দিবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান একটি কমিটি গঠন করে এই প্রবন্ধ লিখে এবং সম্পাদনা করে প্রেরণ করবেন। লেখার হার্ডকপি মন্ত্রণালয়ের (বদরুল হাসান লিটন, যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) ঠিকানায় প্রেরণের পাশাপাশি সফটকপি নিকস বাংলা ১৪ ফন্টে ই-মেইলে (apa@moedu.gov.bd) প্রেরণ করতে হবে;

খ) লেখার সাথে প্রমাণক হিসেবে এ পর্যন্ত পত্রিকায় প্রকাশিত সংবাদ, ছবি, সরকারি গেজেট ও অন্যান্য প্রমাণক সংযুক্ত করতে হবে। ই-মেইলের ক্ষেত্রে স্ক্যান কপি সংযুক্ত করতে হবে;

গ) প্রতিষ্ঠান প্রধান, প্রতিষ্ঠানের সবোর্চ্চ সিনিয়র শিক্ষক এবং প্রবন্ধ লেখার সাথে সংশ্লিষ্ট কমিটির সভাপতি এই তিনজনের যৌথ স্বাক্ষরসহ এতদসংক্রান্ত প্রত্যায়নপত্র প্রেরণ করবেন; ও

ঘ) এই সংকলন ও ওয়েবসাইটের কাজে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট হিসেবে জনাব বদরুল হাসান লিটন, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ দায়িত্ব পালন করবেন (প্রয়োজনে তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

০২। এমতাবস্থায়, জুলাই গণ-অভ্যুত্থানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের বর্ণিত তথ্যাদি সংগ্রহপূর্বক আগামী ২০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে উল্লিখিত ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জাবের মো: সোয়াইব)
পরিচিতি নম্বর: ১৭৬৮৭
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৮৪৫৮২
ই-মেইল: as.admin2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮/১(১১)

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩২ / ০৭ আগস্ট ২০২৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব বদরুল হাসান লিটন, যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতি ৭ দিন পর পর প্রাপ্ত প্রতিবেদন এর অগ্রগতি উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে অবহিত করবেন)।
০২। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## প্রত্যায়নপত্র

এই মর্মে প্রত্যায়ন করা যাচ্ছে যে, আমার প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং জুলাই বিপ্লবে শহীদ/আহত জুলাই যোদ্ধা এর বিষয়ে বর্ণিত লিখাগুলো সত্য এবং সঠিক। এ বিষয়ে কোনো তথ্যগত ভুল/ অসংগতি পরিলক্ষিত হলে পরবর্তীতে এর দায়দায়িত্ব আমাদের উপর বর্তাবে।

| | | |
|---|---|---|
| স্বাক্ষর ও সীল<br>সম্পাদনা কমিটির আহবায়ক | স্বাক্ষর ও সীল<br>সিনিয়র শিক্ষক | স্বাক্ষর ও সীল<br>প্রতিষ্ঠান প্রধান |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
www.dshe.khulnadiv.gov.bd

স্মারক নং: ৩৭.০২.৪৭০০.০০০.০১.০০১.০১.২৫. ৪৭০৬ — তারিখ: ১১/০৮/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০২। জেলা শিক্ষা অফিসার (সকল), খুলনা অঞ্চল, খুলনা;
(পত্রের মর্মানুযায়ী তাঁর আওতাধীন সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় হতে তথ্যাদি সংগ্রহপূর্বক (**নিকস বাংলা ১৪ ফন্টে) আগামী ১৪.০৮.২০২৫ খ্রি. তারিখের মধ্যে** হার্ডকপি ডাকযোগে এবং সফট কপি ddkhl@yahoo.com ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

০৩। সংরক্ষণ নথি।

(মোঃ কামরুজ্জামান)
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
নড়াইল
www.dshe.narail.gov.bd

স্মারক নং-৩৭.০২.৬৫০০.০০১.০০.০৯৯.২৫. ৫৮২ — তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তাঁর আওতাধীন সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় হতে তথ্যাদি সংগ্রহপূর্বক আগামী **১৪.০৮.২০২৫ খ্রি. মধ্যে হার্ডকপি এবং সফট কপি (সফট কপি-এম এস ওয়ার্ড ফাইল নিকস বাংলা ১৪ ফন্টে)** নিম্ন স্বাক্ষরকারীর ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মহিউদ্দীন)
জেলা শিক্ষা অফিসার (রু.দা.)
নড়াইল
☏ ০২৪৭৭৯৯২৩৯০৯
✉ naraildeo@yahoo.com